19 SEP 1991

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 19 SEP 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

৬০

19

## ঢাকা বিশ্ববিদ্যালয়

# ডিগ্রী পরীক্ষায় পাসের হার নৈরাশ্যজনক

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (বুধবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯০ সালের ডিগ্রী পাস ও সাবসিডিয়ারী পরীক্ষার ফল প্রকাশিত হইয়াছে। পাসের হার বিএ (পাস)-২৯ দশমিক ১৯ শতাংশ, বিএসসি (পাস)-শত করা ৪০ দশমিক ৮৭ ভাগ, বিকম (পাস)-৪০ দশমিক ৪৫ শতাংশ। বিএ সাবসিডিয়ারী পরীক্ষায় পাসের হার শতকরা ৬৯ ভাগ, বিএসসি

(২য় পৃ: ৭-এর ক: দ্র:)

## ডিগ্রী পরীক্ষা

(১ম পৃ: পর)

সাবসিডিয়ারী ২৯ দশমিক ২ ভাগ ও বি কম সাবসিডিয়ারী শতকরা ২২ দশমিক ৩ ভাগ, বিএ (পাস) বহিরাগত পরীক্ষার্থীদের পাসেরহার-২৮ শতাংশ। বি মিউজিক পাসের হার-৫৯ দশমিক ৫২ শতাংশ, বিএসসি (পাস/গার্হস্থ্য অর্থনীতি) পাসের হার-৯৭ দশমিক ৫ ভাগ।

বিএ (পাস) পরীক্ষায় ৫০ হাজার ৩ শত ২০ জন অংশগ্রহণকারীর মধ্যে ২১ জন প্রথম বিভাগে, ৫ হাজার ৪ শত ৪৫ জন দ্বিতীয় বিভাগে ও ৯ হাজার ২ শত ২২ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছেন। কেবলমাত্র ১ জন 'পাস' পাইয়াছেন। বিএসসি (পাস) পরীক্ষায় ৪৯ জন প্রথম বিভাগে, ১ হাজার ৬ শত ৯৮ জন দ্বিতীয় বিভাগে এবং ১ হাজার ৬ শত ২২ জন তৃতীয় বিভাগে পাস করিয়াছেন; পাস পাইয়াছেন ২ জন। অংশগ্রহণকারী পরীক্ষার্থী ছিলেন ৮ হাজার ২ শত ৪৮।

বিকম (পাস) পরীক্ষায় ১০ হাজার ৬ শত ৭৮ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ২ জন প্রথম বিভাগ, ১ হাজার ৭৮ জন দ্বিতীয় এবং ৩ হাজার ২ শত ৪০ জন তৃতীয় বিভাগ লাভ করিয়াছেন।

বহিরাগত বিএ (পাস) পরীক্ষার্থী ছিলেন ১১ হাজার ৯ শত ৫৪ জন; ১ জন প্রথম বিভাগে, ১ হাজার ৬৪ জন দ্বিতীয় বিভাগে এবং ২ হাজার ২ শত ৮৩ জন তৃতীয় বিভাগে কৃতকার্য হইয়াছেন।

বিএ সাবসিডিয়ারী পরীক্ষ ৩ হাজার ৭ শত ৩ জন পরীক্ষ র্থীর মধ্যে ২ হাজার ৫ শ ৫৪ জন কৃতকার্য হইয়াছেন বিএসসি সাবসিডিয়ারী পরীক্ষার্থ দের মধ্যে উপস্থিত ছিলে ৩ হাজার ১ শত ৬০ জন, উত্তী হইয়াছেন ৯ শত ২২ জন; বি ক সাবসিডিয়ারী পাস করিয়াছেন শত ১ জন; উপস্থিত পরীক্ষার্থ ছিলেন ২ হাজার ৬ শত ৯৩ জন।

বিএসসি (পাস/গার্হস্থ্য অর্থ নীতি) পরীক্ষায় ১৫ জন প্রথ বিভাগ ও ২৪ জন দ্বিতীয় বিভা পাইয়া কৃতকার্য হইয়াছেন বিমিউজিক পরীক্ষায় উত্তীর্ণদে ২ জন প্রথম বিভাগ, ২১ জ দ্বিতীয় বিভাগ ও ২ জন তৃতী বিভাগ লাভ করিয়াছেন।

বিএ (পাস) ও বিএস (পাস) পরীক্ষার ফলাফলে সর্বা পেক্ষা উজ্জ্বল অবস্থানে আ ঢাকা নগরীর সরকারী বদরুন্নেস মহিলা মহাবিদ্যালয়। সমগ্র বি '(পাস) পরীক্ষার্থীদের মধ্যে ২১ জন প্রথম বিভাগ পাইয়াছে তাহাদের দশজনই এই মহাবিদ্যা লয়ের। অংশগ্রহণকারীদের মধে ৬৩ দশমিক ২০ ভাগ উত্তী হইয়াছেন। ৩ শত ৩৭ জন পরী ক্ষার্থীর মধ্যে দশজন প্রথম বিভা ১ শত ৫৬ জন দ্বিতীয় বিভাগে ও ৪৭ জন তৃতীয় বিভাগে কৃতকার্য হইয়াছেন। এই মহা বিদ্যালয়ের ছাত্রীরা বিএসসি (পাস) পরীক্ষায় ৪টি প্রথম বিভাগ পাইয়াছেন। ৬৬জন পরীক্ষার্থীর ৭৪ দশমিক ২৪ ভাগ উত্তীর্ণ ৩৭ জন দ্বিতীয় বিভাগে ও ৮জন তৃতীয় বিভাগে কৃতকার্য হইয়াছেন